



## জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)

২৯, আগারগাঁও, ঢাকা  
(কর্মসূচী ও মূল্যায়ণ বিভাগ)

রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০- ১৮

তারিখঃ ০৮-০২-২০১৮

প্রাপক

সম্মানীয় মেয়র

লক্ষ্মীপুর পৌরসভা (জেলা লক্ষ্মীপুর)/রাঙ্গুনিয়া পৌরসভা (জেলা চট্টগ্রাম)/বেলকুচি পৌরসভা (জেলা সিরাজগঞ্জ)

বিষয়ঃ পৌরসভার সম্মানীয় কাউন্সিলরগণের জন্য “পৌরসভা প্রশাসন অবহিতকরণ” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ এনআইএলজি/৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০-৭৪৮, তারিখঃ ১৭-০১-২০১৮


পৌর নাগরিকদের অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে এবং পৌরসভাকে একটি জবাবদিহিমূলক সেবাদানকারী প্রতিষ্ঠানে পরিণত করার জন্য সম্মানীয় পৌর কাউন্সিলরদের (সাধারণ ও সংরক্ষিত) সরকার কর্তৃক তিনদিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এরই অংশ হিসেবে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটে (এনআইএলজি) উপরোক্ত তিনটি পৌরসভার সম্মানীয় কাউন্সিলরগণের জন্য আগামী ২৬-২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ (৩য় ব্যাচ) ৩ (তিন) দিনব্যাপী “পৌরসভা প্রশাসন অবহিতকরণ” শীর্ষক আবাসিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। আপনার পৌরসভার সকল সম্মানীয় কাউন্সিলর (সাধারণ ও সংরক্ষিত)-দের আগামী ২৫-০২-২০১৮ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে এনআইএলজিতে রিপোর্ট নিশ্চিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ প্রসঙ্গে নিম্নোক্ত তথ্যাবলি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সন্নিবেশিত করা হলো:

- ১। কোর্সে অংশগ্রহণকারী সম্মানীয় কাউন্সিলরগণকে সংশ্লিষ্ট পৌরসভা যাতায়াত ভাতা প্রদান করবে। এনআইএলজি কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- ২। প্রশিক্ষণার্থীদের অবশ্যই এনআইএলজি'র হোস্টেলে অবস্থান করতে হবে। হোস্টেলে সীমিত আবাসিক সুবিধার কারণে কোন অবস্থাতেই প্রশিক্ষণার্থী ব্যতীত কোন প্রকার সঙ্গী বা পরিবারের কোন সদস্য বা অতিথি সংগে আসতে পারবেন না।
- ৩। প্রশিক্ষণকালীন সময়ে এনআইএলজি কর্তৃক প্রশিক্ষণ ভাতার ব্যবস্থা রয়েছে যা দ্বারা অংশগ্রহণকারীগণের থাকা ও খাওয়ার সু-ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যের জন্য জনাব প্রবীর কুমার চক্রবর্তী, যুগ্মপরিচালক (উপসচিব) (০১৭১২২১০০৬৯) এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।
- ৫। এই প্রতিষ্ঠান থেকে সম্মানীয় কাউন্সিলরগণকে কোন প্রকার আমন্ত্রণপত্র প্রেরণ করা হবে না। সম্মানীয় মেয়র মহোদয় প্রশিক্ষণার্থীদের আমন্ত্রণপত্র প্রদান করে তার অনুলিপি নিম্নস্বাক্ষরকারীকে অনুগ্রহপূর্বক প্রেরণ করবেন।
- ৬। এই প্রশিক্ষণ সরকারের রাজস্ব বাজেটের কর্মসূচী বিধায় গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণ ব্যতিরেকে প্রশিক্ষণে অনুপস্থিতির জন্য আইনগত ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সরকার বরাবরে অভিযোগ দায়ের করা হবে।

আশাকরি সকল প্রশিক্ষণার্থীবৃন্দ যথাসময়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবেন।

আন্তরিকভাবে আপনার,

  
প্রবীর কুমার চক্রবর্তী  
যুগ্মপরিচালক (উপসচিব)  
এবং কোর্স পরিচালক  
মোবাঃ ০১৭১২২১০০৬৯

ই-মেইল- chakraborty8691@gmail.com

অনুলিপিঃ

১. জনাব -----কোর্সে সমন্বয়ক
২. জনাব ইমরানুর রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় গোচরীভূত করার জন্য)
৪. হোস্টেল সুপার, এনআইএলজি, ঢাকা।